দৈনিক বাংলা

তারিখ 26 SEP 19...
পৃষ্ঠা ১ কলাম ৬

# দাখিল পরীক্ষায় পাসের হার ৫৫.২২

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনের ১৯৯১ সনের দাখিল পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশ করা হয়েছে। ৭ হাজার ১০৯ জন ছাত্রীসহ সর্বমোট ৫৩ হাজর ৫৬ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ২৯ হাজার ২৯৮

(৪-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর)

জন। পাসের হার শতকরা ৫৫ দশমিক ২২।

পরীক্ষার্থীদের মধ্যে এক হাজার ১৯৬ জন প্রথম বিভাগে, ১১ হাজার ২৩২ জন দ্বিতীয় বিভাগে এবং ১৬ হাজার ৮৭০ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

দাখিল সাধারণ গ্রুপে ৪৮ হাজার ৫৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে ২৬ হাজার ৬২৬ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৫৪ দশমিক ৮৩।

দাখিল বিজ্ঞান গ্রুপে ৩ হাজার ১১ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ১৪২ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৭১ দশমিক ১৩।

দাখিল মুজাব্বিদ গ্রুপে ১ হাজার ৪৫৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৫১৬ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শকরা ৩৫ দশমিক ৪৬।

দাখিল হিফজুল কুরআন গ্রুপে ২৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৫৬ ভাগ।

4